# উল্লাপাড়া উপজেলা পরিষদের জুন-২০২২ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ২২-০৬-২০২২ খ্রিঃ । সময় ঃ সকাল ১০.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ " তে সংযুক্ত।

সভায় উপস্থিত মাসিক সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া মহোদয়কে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | মে/২০২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | মে/২০২২ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **অর্থ বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক কমিটি :**<br><br>২০২১-২০২২ অর্থ বছরে এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের আওতায় পিআইসি ও টেন্ডার কার্যক্রম চলমান আছে। নির্ধারিত সময়ের মধ্যে এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের সকল কাজ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প সভাপতি/ঠিকাদারদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হচ্ছে। কাজের গুনগত মান নিশ্চিত করতে নিয়মিত তদারকি করা হচ্ছে।<br>উপজেলা প্রকৌশলী আরও জানান চলতি বর্ষা মৌসুমে উপজেলার কিছু রাস্তা ক্ষতিগ্রস্থ হয়েছে। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের বিশেষ বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ অদ্যকার সভায় পাঠ করে শুনানো হয়। গৃহীত প্রকল্পসমূহ অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | কাজের গুনগত মান নিশ্চিত করে চূড়ান্ত বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বিস্তারিত আলোচনান্তে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের বিশেষ বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৪ | **মাধ্যমিক ও মদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া জানান বন্যার কারণে এসএসসি পরীক্ষা, ২০২২ স্থগিত করা হয়েছে। পরবর্তীতে নতুন রুটিন প্রণয়ন করে এসএসসি পরীক্ষা নেয়া হবে।<br><br>করোনা ভাইরাস প্রতিরোধে ইতোমধ্যে প্রায় ১২-১৭ বছরের ৫৬ হাজার শিক্ষার্থীর প্রথম ও দ্বিতীয় ডোজ টিকা সম্পন্ন হয়েছে। | মাধ্যমিক বিদ্যালয়গুলোর পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>করোনা ভাইরাস প্রতিরোধে শিক্ষার্থীদের মধ্যে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৫ | **কৃষি ও সেচ বিষয়ক কমিটি :**<br><br>চলমান খরিপ-১ মৌসুমে আউশ আবাদ ২০০ হেক্টর জমিতে সম্পন্ন হয়েছে। এছাড়া খরিপ-২ মৌসুমে রোপা আমন এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৯১২৫ হেক্টর। রোপা আমনের বীজতলা চলমান। রোপা আমনের উৎপাদন বৃদ্ধিতে কৃষকদের আগ্রহ বৃদ্ধি করা ও বন্যার ক্ষতি পুষিয়ে নেবার জন্য কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ১০০০ বিঘা রোপা আমনের প্রণোদনা বরাদ্দ পাওয়া গেছে।<br><br>এছাড়া মৌসুমি ফলের পরিচিতির জন্য ০৩দিন ব্যাপী মৌসুমি ফল প্রদর্শণীর ব্যবস্থা করা হচ্ছে। | আউশ উৎপাদন অব্যাহত রাখার জন্য মাঠ পর্যায়ে মনিটরিং বৃদ্ধি করতে হবে।<br><br>কৃষি প্রণোদনা ইউনিয়ন ওয়ারী আবাদের ভিত্তিতে উপজেলা কৃষি পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক নীতিমালা অনুযায়ী বিভাজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আগামী ২৬-২৮ জুন ০৩দিন ব্যাপী মৌসুমি ফলমেলা আয়োজনের বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি :**<br><br>বর্তমানে ইউনিয়ন পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট চলমান আছে। উল্লেখ্য যে জুন, ২০২২ মাসের মধ্যে উপজেলা পর্যায়ে চূড়ান্ত খেলা সম্পন্ন করতে হবে।<br><br>উল্লাপাড়া উপজেলাধীন ১৭৩ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মধ্যে বিনামূল্যে ইন্টারনেট ডিভাইস (রাউটার) বিতরণ করা হয়েছে। | নির্ধারিত সময়ে মধ্যে উপজেলা পর্যায়ে ফুটবল টুর্নামেন্ট আয়োজন সম্পন্ন করতে হবে।<br><br>বিতরণকৃত রাউটার যথাযথভাবে ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৭ | **মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি :**<br><br>**প্রাণি সম্পদ বিভাগ :**<br>তিনি বলেন উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা পরিষদ থেকে বাস্তবায়িত প্রাণিসম্পদ বিষয়ক প্রকল্পগুলো চলমান রাখার জন্য অনুরোধ জানান।<br><br>**মৎস্য বিভাগ :**<br>রাজস্ব ও এডিপি খাতের আওতায় ০২টি বিল নার্সারি স্থাপন ও ০১টি অভয়াশ্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। পঞ্চক্রোশী ইউনিয়নের ০১টি অভয়াশ্রম মেরামত কাজ শেষ পর্যায়ে রয়েছে। চলনবিল এলাকা এবং করতোয়া নদীর ক্যানেলে বন্যার পানি প্রবেশ করেছে। এ সময় উন্মুক্ত জলাশয়ে চায়না দুয়ারী জালের ব্যবহার বন্ধের লক্ষ্যে মৎস্য আইন বাস্তবায়নে অভিযান পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আসন্ন ঈদ উপলক্ষে উপজেলার পশুর হাটগুলোতে কোরবানীর পশুর স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>চায়না দুয়ারী জালের ব্যবহার বন্ধের লক্ষ্যে মৎস্য আইন বাস্তবায়নে অভিযান পরিচালনার অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উল্লাপাড়া উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৮ | **যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি :**<br>তিনি বলেন উপজেলা যুব উন্নয়ন দপ্তরের অধীনে কম্পিউটার, ইলেকট্রিক্যাল এন্ড হাউস ওয়ারিং , রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন, ইলেকট্রনিক্স বিষয়ে ছয় মাসের প্রশিক্ষণ এছাড়া পোষাক তৈরি বিষয়ে তিন মাসের প্রশিক্ষণ ও ড্রাইভিং বিষয়ে ০১ মাসের প্রশিক্ষণের জন্য বিজ্ঞপ্তি জারি হয়েছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী ব্যক্তিবর্গকে উপজেলা যুব উন্নয়ন দপ্তরে যোগাযোগ করার পরামর্শ প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br><br>এছাড়া ২০২১-২০২২ অর্থ বছরে ১২০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ১১৩ জন প্রশিক্ষিত যুব ও যুব মহিলার মাঝে ৩৬,১০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। যুব ঋণ আদায়ের হার ৯৮% । | প্রশিক্ষণার্থী বাছাইয়ের ক্ষেত্রে উপজেলার প্রত্যন্ত অঞ্চলের আবেদনকারীদের অগ্রাধিকার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৯ | **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি :**<br><br>**পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান বিআরডিবি জোড়াবাড়ী (হাসনা হেনা) ভবনের উপর তলা দুটি ইউনিট জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উক্ত মেরামত কাজের জন্য বিআরডিবি জোড়াবাড়ীর সংশ্লিষ্ট হিসাব হতে প্রাক্কলিত মুল্য ২.০০ লক্ষ টাকা করে ০২টি পিআইসি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।<br><br>**সমবায় বিভাগ :**<br>সকল সমবায় সমিতিগুলোকে সমবায় আইন ও বিধিমালা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য মনিটরিং জোরদার করা হচ্ছে। ২৫ জন সমবায়ীকে উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং সমবায়ে উদ্বুদ্ধ করা হয়েছে। সমবায় সমিতিগুলোর অডিট বরাদ্দ ও রাজস্ব আদায় ১০০% সম্পন্ন হয়েছে | বিস্তারিত আলোচনান্তে ২.০০ লক্ষ টাকা করে ০২টি পিআইসি গঠন পূর্বক বিআরডিবি জোড়াবাড়ী ভবনের উপর তলার দুটি ইউনিট মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় মেরামত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br><br>সমবায় সমিতির সদস্যদের মাঝে আত্মকর্মসংস্থানমূলক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০ | বাজার মূল্য পর্যবেক্ষন ও মনিটরিং বিষয়ক কমিটি ঃ<br><br>অত্র উপজেলায় মোট ৩৪০৫ মেঃ টন বোরো চাল/২২ সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে তন্মেধ্যে ২০১০.৫৪০ মেঃ টন চাল সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট ১৩৯৪.৪৬০ মেঃ টন চাল সংগ্রহের কার্যক্রম চলমান আছে। এছাড়া অত্র উপজেলায় ৪০৪২ মেঃ টন ধানের বরাদ্দ পাওয়া গেছে তন্মেধ্যে ১৯ মেঃ টন ধান সংগ্রহ করা হয়েছে।<br><br>২। জুন, ২০২২ মাসে ৭৭.৯৪০, ৭৯.১০২, ০৭ মেঃ টন চাল বিলি বিতরণ করা হবে<br><br>৩। ঈদুল আযহা উপলক্ষে এ উপজেলায় ৩৩৭.৮৪০ মেঃ টন ভিজিএফ এর চাল বিতরণ করা হবে<br><br>৪। জুন, ২০২২ মাসে ১৫.১৩৫ মেঃ টন গম বিলি বিতরণ করা হবে | প্রান্তিক কৃষকদের নিকট হতে ধান সংগ্রহ করতে হবে।<br><br>চাউল ও গম বিতরণের সময় তদারকি কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১ | বন ও পরিবেশ বিষয়ক কমিটি ঃ<br><br>উপজেলা বন বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ০৫ জুন জাতীয় বৃক্ষ মেলা ২০২২ এর শুভ উদ্বোধন করা হয়। উল্লাপাড়া উপজেলায় ৭জুন শিক্ষা প্রতিষ্ঠানে চারা বিতরণের মাধ্যমে বৃক্ষ মেলার শুভ উদ্বোধন করা হয়। উপজেলার বামনঘিয়ালা রাস্তায় ২০০০ চারা রোপন করা হবে। | উপজেলার ইউনিয়ন পর্যায়ের সরকারি রাস্তায় বনজ ও বজ্রপাত নিরোধক বৃক্ষ রোপন নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১২ | উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ<br><br>উপজেলা পরিষদের আয় ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য জুন/২০২২ মাসে সম্ভাব্য মোট ৫০০০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আনুষাংগিক, আপ্যায়ন ও ইন্টারনেট বিল পরিশোধ খাতে ৪০,০০০/- টাকা। উপজেলা পরিষদের জীপ গাড়ীর তেলের বিল বাবদ ২০৫৬৬৬/- টাকা পরিশোধ করা প্রয়োজন। উপজেলা পরিষদের মালী জনাব মোঃ সোহেল রানা ঈদুল আযহা উৎসব ভাতা বাবদ ৮২৫০/- টাকা পরিশোধের অনুরোধ জানিয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া এর এপ্রিল-জুন, ২০২২ পর্যন্ত সময়ের ভ্রমন বিল বাবদ ৩০,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের এপ্রিল-জুন, ২০২২ পর্যন্ত সময়ের ভ্রমন বিল বাবদ যথাক্রমে ২৪০০০+২৪০০০=৪৮০০০/- উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ফেব্রুয়ারী-জুন, ২০২২ মাসের আপ্যায়ন বাবদ ২০২৩৫/-বিল পরিশোধ করা প্রয়োজন। | আলোচ্য জুন/২০২২ মাসে সর্বমোট ব্যয় হবে ৪০,০০০+ ২০৫৬৬৬+ ৮২৫০+৩০০০০ + ৪৮০০০+২০২৩৫=৩৫২১৫১/- টাকা উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>সভায় উপস্থিত উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার প্রতিনিধি জানান উপজেলাার কমিউনিটি ক্লিনিকগুলোর সংযোগ রাস্তা মেরামত করা প্রয়োজন। সেই সাথে কিছু কিছু কমিউনিটি ক্লিনিকও মেরামত করা প্রয়োজন।<br><br>এছাড়া জন্মনিবন্ধন শতভাগ নিশ্চিত করতে গর্ভবতী মায়েদের তালিকা নিয়মিত সংগ্রহ এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হচ্ছে। বন্যা জনিত রোগ প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম শুরু করা হয়েছে। | উপজেলার কমিউনিটি ক্লিনিকগুলোর সংযোগ রাস্তা দ্রুত মেরামত করতে হবে।<br><br>জন্মনিবন্ধন শতভাগ নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য নিয়মিত সংগ্রহ এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রকৌশলী/ পিআইও/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান উল্লাপাড়া<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, |
| ১৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>হালনাগাদকৃত জন্ম তালিকা এবং গর্ভবতী মহিলার তালিকা ইউনিয়ন পরিষদে সরবরাহ করা হচ্ছে। বন্যায় সেবাকেন্দ্রে পানি প্রবেশ করলে বিকল্প ব্যবস্থায় সেবা কার্যক্রম অব্যাহত রাখা হবে। | জন্মনিবন্ধন শতভাগ নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য নিয়মিত সংগ্রহ এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| [illegible] | **উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br><br>তিনি বলেন ভাতাভোগীদের চাহিদা প্রেরণ করা হয়েছে। জুন মাসে সমস্ত ভাতা প্রদান সম্পন্ন হয়েছে। প্রান্তিক জনগোষ্ঠীর ৩০জন ব্যক্তির অনুকূলে প্রণোদনা বাবদ অর্থ বরাদ্দ পাওয়া গেছে। ম্যানুয়ালি ও অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে বিষয়টি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | প্রান্তিক জনগোষ্ঠীর প্রণোদনার জন্য আবেদনের বিষয়টি বহুল প্রচার নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৬ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br><br>ভিজিডি খাদ্য বিতরণ করার সময়ে সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। কিশোর কিশোরী ক্লাবগুলোতে রুম সমস্যা সহ অন্যান্য সমস্যা সমাধানে ইউপি চেয়ারম্যানগণের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ভিজিডির খাদ্য বিতরণের তারিখ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট তদারকি কর্মকর্তাগণকে অবহিতকরণ নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৭ | **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>তিনি বলেন উপজেলার প্রায় প্রতিটি গ্রামেই আনসার ও ভিডিপি সদস্য/সদস্যারা তাদের দায়িত্ব পালন করছে। আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে আনসার সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। | উপজেলায় কোরবানীর পশুর হাটগুলোতে প্রয়োজনীয় সংখ্যক আনসার নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>ভিজিএফ বিতরন করা হবে। এখনও বরাদ্দ পাওয়া যায় নাই। জুন মাসের আগেই মাল উত্তোলন করা হবে। ইউনিয়ন পর্যায়ে টিসিবি মালামাল বিতরণ শুরু করা হবে। বন্যার পানি নেমে গেলে বর্জ্র নিরোধক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | টিসিবি'র মালামাল বিতরণের সুবিধার্থে ইউপি চেয়ারম্যানগণ ডিলারদের জন্য ইউনিয়ন পরিষদ কার্যালয়ে একটি রুম ব্যবহারের সুযোগ প্রদান করবেন। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ১৯ | চেয়ারম্যান, পুর্নিমাগাতী ইউপি, উল্লাপাড়া<br><br>তিনি বলেন চলতি বর্ষা মৌসুমে কারেন্ট জাল ব্যবহার করে মাছ ধরা হচ্ছে। গ্রাম পুলিশদের মাধ্যমে তথ্য সংগ্রহ করে কারেন্ট জাল ক্রয়-বিক্রয় বন্ধ করতে হবে। | কারেন্ট জাল ক্রয়-বিক্রয়কারীদের তথ্য সংগ্রহ করে তাদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ২০ | **চেয়ারম্যান, কয়ড়া ইউপি**<br><br>তিনি তার ইউনিয়নের ফেয়ার প্রাইজের কার্ড সংশোধনপূর্বক নতুন তালিকা মোতাবেক চাউল বিক্রির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |
| ২১ | **চেয়ারম্যান, উধুনিয়া ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের উধুনিয়া থেকে বাবুলিদহ হয়ে বাংলাপাড়া পর্যন্ত রাস্তাটি সাবমারসিবল করার অনুরোধ জানান। | সরেজমিনে তদন্ত পূর্বক বর্ণিত রাস্তাটি সাবমারসিবল করার বিষয়ে প্রকল্প গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২২ | **চেয়ারম্যান, বড়হর ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের ভূতগাছা থেকে পাচিলা পর্যন্ত রাস্তাটি মেরামত করা প্রয়োজন। | সরেজমিনে তদন্ত পূর্বক বর্ণিত রাস্তাটি মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৩ | **চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নে ফেয়ার প্রাইজের কার্ড সংশোধন করা প্রয়োজন। এছাড়া দবিরগঞ্জ কমিউনিটি ক্লিনিকে যাওয়ার রাস্তা না থাকায় সেবা গ্রহীতাদের দুর্ভোগ পোহাতে হচ্ছে। এছাড়া উক্ত কমিটিউনিটি ক্লিনিকের সীমানা প্রাচীরের মাঝে একটি পকেট গেট রয়েছে। সার্বিক নিরাপত্তা বিবেচনায় উক্ত পকেট গেটটি বন্ধ করা প্রয়োজন। | ফেয়ার প্রাইজের কার্ডধারীদের মধ্যে যারা মারা গেছে অথবা অন্যত্র চলে গেছে তাদের কার্ড পরিবর্তনের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, উল্লাপাড়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি<br><br>তিনি বলেন উল্লাপাড়া সদর ইউনিয়ন পরিষদের কোন নিজস্ব ভবন নাই। মাদ্রাসার গেট করা হয়েছে। পরিষদের প্রবেশের পথেই তাদের গ্যারেজ রয়েছে। যাতায়াতে কষ্ট হচ্ছে। নতুন কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নের কিছু রাস্তা বৃষ্টির কারণে ক্ষতিগ্রস্থ হয়েছে দ্রুত মেরামত করা প্রয়োজন। | উল্লাপাড়া সদর ইউনিয়নের জন্য কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচন পূর্বক উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | চেয়ারম্যান, উল্লাপাড়া সদর ইউপি |
| ২৫ | চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি<br><br>তিনি বলেন জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর থেকে তার ইউনিয়নে নলকূপ বরাদ্দ দেওয়া হয়েছে। ফি বাবদ ২৫০০/- টাকা গ্রহণ করা হয়েছে। এখনও নলকূপ পাওয়া যায় নাই।<br><br>এছাড়া তার ইউনিয়নে ফেয়ার প্রাইজের কার্ড নতুনভাবে প্রস্তুত করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ইউনিয়ন পরিষদের অনুকূলে বরাদ্দকৃত নলকূপ বিতরণ নিশ্চিত করতে হবে। প্রাক্কলন অনুযায়ী স্থাপনকৃত নলকূপের গোড়া পাকাকরণ নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| ২৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া<br><br>উল্লাপাড়া উপজেলায় বাণিজ্যিকভাবে ড্রাগন ফলের চাষ শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান।<br>রাস্তার পার্শ্বে ইউকলেপটাস গাছ রোপন নিরুৎসাহিত করে শাল, সেগুন, ঔষধি গাছ রোপন উৎসাহিত করার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানান। | ইউকলেপটাস গাছ রোপন নিরুৎসাহিত করে শাল, সেগুন, ঔষধি গাছ রোপন উৎসাহিত করতে হবে | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৭ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া<br><br>২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট উপস্থাপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে আগামী ৩০-০৬-২০২২ খ্রি. তারিখ উল্লাপাড়া উপজেলা পরিষদের উন্মুক্ত বাজেট সভা আয়োজনের বিষয়ে প্রস্তাব উত্থাপন করেন। উক্ত উন্মুক্ত বাজেট ঘোষণা ও পরিকল্পনার সভার আয়োজন ও আপ্যায়ন বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আনুমানিক ১৫০০০০/- টাকা ব্যয় অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।<br><br>বিভাগীয় কর্মকর্তাগণকে তাদের দপ্তরের বাৎসরিক আয়-ব্যয়ে তথ্য জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের জমা প্রদানের অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে আগামী ৩০-০৬-২০২২ খ্রি. তারিখ উল্লাপাড়া উপজেলা পরিষদের উন্মুক্ত বাজেট সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত উন্মুক্ত বাজেট ঘোষণা ও পরিকল্পনার সভার আয়োজন ও আপ্যায়ন বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আনুমানিক ১৫০০০০/- টাকা ব্যয় করার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>জরুরী ভিত্তিতে প্রতিটি দপ্তরের আয়-ব্যয়ের তথ্য উপজেলা পরিষদের জমা প্রদান করতে হবে। | হিসাব সহকারী, ইউএনও অফিস<br><br>বিভাগীয় কর্মকর্তা (সকল) |
| ২৮ | উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ<br>উল্লাপাড়া উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগসমূহের লাইন ডিপার্টমেন্ট থেকে প্রাপ্ত বরাদ্দসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যানের সাথে সমন্বয় করে বাস্তবায়নের বিধান থাকলেও এক্ষেত্রে কর্মকর্তাগণ শিথিলতা প্রকাশ করছেন।<br><br>উপজেলার কমিউনিটি ক্লিনিকগুলোর প্রয়োজনীয় সংস্কার কাজ এবং কমিউনিটি ক্লিনিকে যাতায়াতের রাস্তা সংস্কারের জন্য প্রয়োজনীয় প্রকল্প গ্রহণের নিমিত্ত ইউপি চেয়ারম্যানগণকে পরামর্শ প্রদান করেন।<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দেওয়া গর্ভবতী মায়ের তথ্যের ভিত্তিতে ইউপি চেয়ারম্যানগণ তাদের স্ব স্ব ইউনিয়নে শুন্য থেকে ৪৫ দিনের শিশুর জন্মনিবন্ধন শতভাগ নিশ্চিত করবেন। প্রতিমাসের মাসিক সভায় গর্ভবতী মায়ের তথ্য এবং ইউনিয়ন পরিষদে প্রেরিত হালনাগাদ তথ্যসহ উপস্থাপন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় | উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভাগসমূহের লাইন ডিপার্টমেন্ট থেকে প্রাপ্ত বরাদ্দসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ চেয়ারম্যানের সাথে সমন্বয় করে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>কমিউনিটি ক্লিনিকগুলোতে যাতায়াতের রাস্তা সংস্কারের লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করবেন।<br><br>শুন্য থেকে ৪৫ দিনের শিশুর জন্মনিবন্ধন শতভাগ নিশ্চিত করতে হবে। | বিভাগীয় কর্মকর্তা (সকল), উল্লাপাড়া<br><br>ইউঃ প্রকৌ/ পিআইও/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br><br>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া এর সাথে আলোচনাক্রমে বিআরডিবি হলরুম মেরামতের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানানো হয়<br><br>জানুয়ারী, ২০২২ মাসের সভায় আনসার সদস্যদের জন্য ভবন নির্মাণ এবং উপজেলা পরিষদ সভাকক্ষ ইনটেরিয়র সজ্জিতকরণ প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলেও অদ্যাবধি উক্ত প্রকল্প দুটি বাস্তবায়িত না হওয়ায় ক্ষোভ প্রকাশ করা হয়। এপ্রিল, ২০২২ মাসের মাসিক সভায় সিদ্ধান্ত মোতাবেক গৃহীত প্রকল্পসমূহ ৩০ জুন তারিখের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিআরডিবি হলরুম মেরামতের প্রাক্কলন প্রস্তুতপূর্বক আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো ।<br><br>উপজেলা পরিষদের মাসিক সভায় গৃহীত প্রকল্প বাস্তবায়নে বিশেষ গুরুত্বপ্রদান করে প্রকল্পসমূহ ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৯ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া<br><br>তিনি পুর্নিমাগাতী থেকে বামনঘিয়ালা রাস্তায় বৃক্ষ রোপনের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ জানান। প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষার মানন্নোয়নে তদারকি বৃদ্ধি করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত খাতের আওতায় বাস্তবায়নাধীন অবকাঠামোগত উন্নয়ন কাজের নিবিড় তদারকি নিশ্চিত করার লক্ষ্যে কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারদের তালিকা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের নিকট প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়াকে পরামর্শ প্রদান করেন।<br>বাঙ্গালা, উধুনিয়া, বড়পাঙ্গাসী, মোহনপুর এলাকায় বর্ষা মৌসুমে কারেন্ট জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | প্রাথমিক বিদ্যালয়সমূহে শিক্ষার মানন্নোয়নে তদারকি বৃদ্ধি করতে হবে।<br><br>এডিপি ও রাজস্ব উদ্বৃত্ত খাতের আওতায় অবকাঠামোগত উন্নয়ন কাজের কার্যাদেশপ্রাপ্ত ঠিকাদারদের তালিকা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>বর্ষা মৌসুমে উপজেলা মৎস্য সম্পদ নিধনে ব্যবহৃত কারেন্ট জালের ব্যবহারকারীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ শফিকুল ইসলাম)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

নম্বর ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.১৬-৬৯৮ তারিখ : ২২-০৬-২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা -------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, ---------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

২২.০৬.২২
( মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

২২.০৬.২০২২

CamScanner